# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

স্মারক নম্বর - ৪/ডেস্ক/শিক্ষা/২০২৬ তারিখ ঃ ১৮/০৮/২০২৬

বিষয় ঃ মাধ্যমিক পর্যায়ে (৯ম-১০ম শ্রেণি) পাঠদানের অনুমতি প্রদানের লক্ষ্যে চাহিদা মোতাবেক পরিদর্শন প্রতিবেদন প্রস্তুত প্রসঙ্গে।

সূত্র ঃ চেয়ারম্যান মহোদয়ের গত ১০/০৫/২০২৬ খ্রি. তারিখের আদেশ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে পাবনা জেলার ভাঙ্গুড়া উপজেলাধীন "চর ভাঙ্গুড়া নিম্ন মাধ্যমিক বিদ্যালয়"-এ মাধ্যমিক পর্যায়ে (৯ম-১০ শ্রেণি) পাঠদানের অনুমতি প্রদানের যথার্থতা যাচাই এর লক্ষ্যে রাজশাহী শিক্ষা বোর্ডের বিদ্যালয় পরিদর্শক সরেজমিন বিদ্যালয়টি পরিদর্শন করেন। পরিদর্শন প্রতিবেদনে উপস্থাপিত ছক মোতাবেক বিভিন্ন তথ্যাদির আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে দাখিল করা হ'ল।

১৮.০৮.২৬

প্রফেসর ড. শামীম আরা চৌধুরী
আইডি নং- ০৬৩৪৫
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী
ফোন ঃ ০২৫৮৮৮৫৬২৭০ (পি.এস)

মাননীয় সচিব
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণ ঃ
সিনিয়র সহকারী সচিব
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-১ শাখা
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী

## ফরম- 'ঙ' (২)

## মাধ্যমিক পর্যায়ে (৯ম-১০ম শ্রেণি) পাঠদানের অনুমতি প্রদানের লক্ষ্যে পরিদর্শন ছক

| | | | |
|---|---|---|---|
| ১। | পরিদর্শনের আদেশ | : | ১০/০৫/২০২৬ খ্রি. |
| ২। | পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পদবী | : | মোঃ শামীম হাসান, আইডি নম্বর-০১৫৩৮৭<br>বিদ্যালয় পরিদর্শক<br>মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী। |
| ৩। | পরিদর্শনের তারিখ | : | ১৩/০৮/২০২৬ খ্রি. |
| ৪। | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | : | চর ভাঙ্গুড়া নিম্ন মাধ্যমিক বিদ্যালয়<br>ডাকঘর : ভাঙ্গুড়া, উপজেলা : ভাঙ্গুড়া, জেলা : পাবনা<br>EIIN : ১২৫৩৫২, বিদ্যালয় কোড : প্রযোজ্য নয়<br>মোবাইল নং- ০১৩০৯১২৫৩৫২<br>E-mail : charbhanguraschool125352@gmail.com |
| ৫। | প্রতিষ্ঠানের অবস্থান | : | মফস্বল এলাকা |
| ৬। | বিদ্যালয় প্রতিষ্ঠার তারিখ | : | ০১/০১/২০০২ খ্রি: |
| ৭। | প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি স্মারক ও তারিখ | : | ০১/০১/২০০৪ হতে, স্মারক নং- ৪৩৫/১ পাব, তাং- ১১/০৫/২০০৪ খ্রি |
| ৮। | নিম্ন মাধ্যমিক পর্যায়ে প্রাথমিক পাঠদানের অনুমতির স্মারক ও তারিখ | : | ০১/০১/২০০৪ হতে, স্মারক নং- ২/৪২৬, তারিখ- ২৪/০৭/২০০৪খ্রি. |
| ৯। | নিম্ন মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি স্মারক ও তারিখ | : | ০১/০১/২০০৭ হতে, স্মারক নং- ৪২৮(৫)/পাব/নিমা/১০, তারিখ- ১২/০৮/২০১০ |
| ১০। | স্বাস্থ্যসম্মত টয়লেট ব্যবস্থা | : | আছে, ০৫ টি |
| ১১। | সুপেয়পানি | : | টিউবওয়েল/অন্যান্য ০১ টি |
| ১২। | বিদ্যুৎ সংযোগ | : | আছে |
| ১৩। | ক্যাশবই ও রেকর্ড সংরক্ষণ | : | যথাযথ আছে |
| ১৪। | এলাকা, ওয়ার্ড ও থানার জনসংখ্যা | : | ১,৩৬,৫৭৬ জন |
| ১৫। | থানায় বর্তমানে বিদ্যালয়ের সংখ্যা | : | (ক) মাধ্যমিক : ১৮ টি (খ) নিম্ন মাধ্যমিক : ০৩ টি (গ) মাদ্রাসা- ১৩ টি |
| ১৬। | পার্শ্ববর্তী প্রতিষ্ঠানের দূরত্ব (অন্তত: ৪ টি) | : | পার্শ্ববর্তী বিদ্যালয়ের প্রধানগণ দূরত্ব উল্লেখপূর্বক অনাপত্তিপত্র প্রদান করবেন। |

### পরিদর্শনকালে প্রাপ্ত তথ্যাদি নিম্নে উপস্থাপন করা হলো:

<table>
<tr><th>ক্রমিক নং</th><th>নীতিমালা অনুযায়ী পূরণীয় শর্তসমূহ</th><th>প্রাপ্ত তথ্য</th><th>শর্ত পূরণ হয়েছে কিনা এ সম্পর্কে মতামত</th></tr>
<tr><td>১.</td><td>দূরত্ব:<br>প্রতিষ্ঠান থেকে প্রতিষ্ঠানের ন্যুনতম দূরত্ব ১ কি:মি: (পৌর ও শিল্প এলাকা) এবং ৩ কি:মি: (মফস্বল এলাকা)<br>(উপজেলা নির্বাহী কর্মকর্তার প্রদত্ত দূরত্ব সনদ/জিপিএস ম্যাপ অনুযায়ী)</td><td>ক্যাচমেন্ট এলাকার পার্শ্ববর্তী শিক্ষা প্রতিষ্ঠান সমূহের দূরত্ব (জি.পি.এস ম্যাপসহ)<br>
<table>
<tr><th>দিক</th><th>প্রতিষ্ঠানের নাম</th><th>প্রস্তাবিত কলেজের অবস্থান হতে দূরত্ব</th></tr>
<tr><td>উত্তরে</td><td>আদাবাড়ীয়া উচ্চ বিদ্যালয়</td><td>০৫ কি: মি:</td></tr>
<tr><td>দক্ষিণে</td><td>আল্লাহ্ আবাদ উচ্চ বিদ্যালয়</td><td>০৬ কি: মি:</td></tr>
<tr><td>পূর্বে</td><td>দিলপাশার ইউনিয়ন উচ্চ বিদ্যালয়</td><td>০৬ কি: মি:</td></tr>
<tr><td>পশ্চিমে</td><td>সরকারী ভাঙ্গুড়া ইউনিয়ন উচ্চ বিদ্যালয় ও কলেজ</td><td>০৪ কি: মি:</td></tr>
</table></td><td>শর্ত পূরণ হয়েছে</td></tr>
</table>

এই পরিদর্শন প্রতিবেদনটি রাজশাহী শিক্ষা বোর্ডের www.rajshahieducationboard.gov.bd ওয়েব সাইটে দেয়া হয়েছে।

অপর পাতায় ............

| | | | |
|---|---|---|---|
| ২. | প্রতিষ্ঠান এলাকার ন্যূনতম জনসংখ্যা :<br>১০০০০ (দশ হাজার) জন | এলাকার জনসংখ্যা- ২০,১৯৪ জন<br>ওয়ার্ড/ইউনিয়নের জনসংখ্যা- ৪৫০০ জন<br>উপজেলা/থানার জনসংখ্যা- ১,৩৬,৫৭৬ জন | শর্ত পূরণ হয়েছে |
| ৩. | ন্যূনতম জমির পরিমাণ :<br>০.২৫ একর (মেট্রো এলাকা), ০.৫০ একর (পৌর এলাকা) এবং ০.৭৫ একর (মফস্বল এলাকা) | দাগ নং- ৫২৩৭, ৫২৩৯, ৫২৩৬, ৫২৩৮, ৫২৪০, ৫২৩৩, ৫৮৯৩<br>খতিয়ান/নামজারী নং- ১০১৫১<br>জমির পরিমাণ- ৭৮.২৫ শতক<br>অনলাইন খাজনা কোন সন পর্যন্ত পরশোধিত- ২০২৫-২০২৬ | শর্ত পূরণ হয়েছে |
| ৪. | অবকাঠামো :<br>শিক্ষার্থী প্রতি ১ বর্গ মিটার নূন্যতম ১০০০ বর্গ মিটার (পাকা/সেমিপাকা/টিনশেড ভবন)<br>শ্রেণিকক্ষ: ০৫ টি, অফিস/শিক্ষক কক্ষ: ০২টি লাইব্রেরি কক্ষ ০১ টি, টয়লেট: ০৪ টি, কমনরুম: ০২ টি | অবকাঠামো/ভবন : আছে, ভবন- ০৩ টি<br>শ্রেণি কক্ষ : ০৭ টি<br>অফিস/শিক্ষক কক্ষ : ০২ টি<br>লাইব্রেরি কক্ষ : ০১ টি<br>কম্পিউটার ল্যাব : নাই<br>কমনরুম : ০২ টি<br>টয়লেট : ০৪ টি | শর্ত পূরণ হয়েছে |
| ৫. | লাইব্রেরি : ২০০০ বই।<br>(স্বতন্ত্র গ্রন্থাগার থাকতে হবে এবং পাঠ্য সহায়ক ও মুক্তিযুদ্ধের উপর বই থাকতে হবে। কোনো ধরনের নোট বই/গাইড বই রাখা যাবে না) | পৃথক লাইব্রেরি আছে।<br>বই সংখ্যা- ২১৬১ খানা। | শর্ত পূরণ হয়েছে |
| ৬. | কম্পিউটার ল্যাব:<br>ন্যূনতম একটি স্বতন্ত্র কম্পিউটার ল্যাব থাকতে হবে এবং ০৬ টি কম্পিউটার থাকতে হবে | কম্পিউটার ল্যাব নাই।<br>০১ টি কম্পিউটার আছে। | শর্ত আংশিক পূরণ হয়েছে |
| ৭. | বিজ্ঞান ল্যাব সংক্রান্ত তথ্য | পৃথক বিজ্ঞানাগার নাই<br>যন্ত্রপাতি প্রয়োজনমত আছে। | শর্ত আংশিক পূরণ হয়েছে |
| ৮. | তহবিল :<br>সংরক্ষিত তহবিল : ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা<br>সাধারণ তহবিল : ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা | ক) সংরক্ষিত তহবিল : ৩,০০,০০০/-<br>অগ্রণী ব্যাংক পিএলসি, বড়ালব্রিজ শাখা, পাবনা<br>খ) সাধারণ তহবিল : ১,৫০,০০০/-<br>সোনালী ব্যাংক পিএলসি, ভাঙ্গুড়া বাজার শাখা, পাবনা | শর্ত পূরণ হয়েছে |
| ৯. | শিক্ষক কর্মচারী সংখ্যা :<br>(অনুমোদিত ষ্টাফিং প্যাটার্ণ অনুযায়ী যোগ্যতাসম্পন্ন)। | শিক্ষক সংখ্যা : ০৯ জন<br>কর্মচারী সংখ্যা : ০২ জন<br>মোট : ১১ জন | শর্ত পূরণ হয়েছে |
| ১০. | কর্মরত শিক্ষকবৃন্দ এনটিআরসিএ কর্তৃক নিবন্ধনকৃত/সুপারিশকৃত ও এমপিও ভুক্ত কি-না? | কর্মরত শিক্ষকবৃন্দের মধ্যে ০৪ জন এনটিআরসিএ কর্তৃক নিবন্ধনকৃত।<br>প্রতিষ্ঠানটি এমপিও ভুক্ত। | শর্ত পূরণ হয়েছে |
| ১১. | পাঠ্যক্রম :<br>এনসিটিবি অনুমোদিত এবং সরকারি নির্দেশনা অনুযায়ী। | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড অনুমোদিত এবং সরকারী নির্দেশনা অনুযায়ী নির্ধারিত পাঠক্রম অনুসরণ করা হয়। | শর্ত পূরণ হয়েছে |
| ১২. | সহ-পাঠ্যক্রমিক কার্যক্রম :<br>জাতীয় দিবসসমূহ, বার্ষিক ক্রীড়া/খেলাধুলা, সাহিত্য ও সংস্কৃতি বিষয়ক অনুষ্ঠান, বিতর্ক প্রতিযোগিতা, বিজ্ঞান মেলা, বৃক্ষরোপন, স্কাউটিং/গার্লস গাইড, স্টুডেন্ট কেবিনেট পরিস্কার-পরিচ্ছন্নতা ইত্যাদি কার্যক্রম গ্রহণ করতে হবে। | জাতীয় দিবসসমূহ, বার্ষিক ক্রীড়া/খেলাধুলা, সাহিত্য ও সংস্কৃতি বিষয়ক অনুষ্ঠান, বিতর্ক প্রতিযোগিতা, বিজ্ঞান মেলা, বৃক্ষরোপন, স্টুডেন্ট কেবিনেট পরিস্কার-পরিচ্ছন্নতা ইত্যাদি অনুষ্ঠিত হয়। | শর্ত পূরণ হয়েছে |
| ১৩. | খেলাধুলার সুযোগ-সুবিধা সংক্রান্ত তথ্য:<br>(ইনডোর/আউটডোর) | বার্ষিক ক্রীড়া/খেলাধুলা পরিচালনা করা হয় | শর্ত পূরণ হয়েছে |
| ১৪. | শিক্ষা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটি :<br>সর্বশেষ প্রবিধানমালা অনুযায়ী ব্যবস্থাপনা কমিটি থাকতে হবে। | শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত এডহক কমিটি আছে। | শর্ত পূরণ হয়েছে |

এই পরিদর্শন প্রতিবেদনটি রাজশাহী শিক্ষা বোর্ডের www.rajshahieducationboard.gov.bd ওয়েব সাইটে দেয়া হয়েছে।

অপর পাতায় ............

<table>
<tr>
<td>১৫.</td>
<td>ব্যক্তিনামে নামকরণ :<br>প্রতিষ্ঠান প্রধান ও জেলা শিক্ষা অফিসার/ উপজেলা/থানা শিক্ষা অফিসারের যৌথ স্বাক্ষরে মাধ্যমিক- ২০,০০,০০০/- (বিশ লক্ষ) টাকার FDR করতে হবে। ব্যক্তি পরিচিতি সংযুক্ত করতে হবে।</td>
<td>প্রযোজ্য নয়</td>
<td>প্রযোজ্য নয়</td>
</tr>
<tr>
<td>১৬.</td>
<td>ন্যূনতম শিক্ষার্থী (মাধ্যমিক পাঠদানের ক্ষেত্রে) নিম্ন মাধ্যমিক স্তরের ন্যূনতম শিক্ষার্থীর সংখ্যা :<br>মফস্বল এলাকা (৩×৩০)=৯০ জন<br>শহর এলকায় (৩ ×৪০)=১২০ জন<br>(৬ষ্ঠ, ৭ম, ৮ম)</td>
<td>
<table>
<tr><th>শ্রেণি</th><th>মোট ছাত্র/ছাত্রী সংখ্যা</th><th>পরিদর্শনের দিন উপস্থিত</th></tr>
<tr><td>৬ষ্ঠ</td><td>৪৩ জন</td><td>৪০ জন</td></tr>
<tr><td>৭ম</td><td>৩৫ জন</td><td>৩২ জন</td></tr>
<tr><td>৮ম</td><td>৪০ জন</td><td>৩৮ জন</td></tr>
<tr><td>৯ম</td><td>৪২ জন</td><td>৪০ জন</td></tr>
<tr><td>১০ম</td><td>৪১ জন</td><td>৩৯ জন</td></tr>
<tr><td>মোট -</td><td>২০১ জন</td><td>১৮৯ জন</td></tr>
</table>
</td>
<td>শর্ত পূরণ হয়েছে</td>
</tr>
<tr>
<td>১৭.</td>
<td>গত ০৩ বছরের ৮ম শ্রেণির শিক্ষার্থীর সংখ্যা</td>
<td>
<table>
<tr><th>সন</th><th>শিক্ষার্থীর সংখ্যা</th><th>পরীক্ষার্থীর সংখ্যা</th><th>পাশের সংখ্যা</th><th>পাশের হার</th></tr>
<tr><td>২০২৩</td><td>৮৭</td><td>৮৭</td><td>৮৭</td><td>১০০%</td></tr>
<tr><td>২০২৪</td><td>৫৭</td><td>৫৭</td><td>৫৭</td><td>১০০%</td></tr>
<tr><td>২০২৫</td><td>৪২</td><td>৪২</td><td>৪২</td><td>১০০%</td></tr>
</table>
</td>
<td>শর্ত পূরণ হয়েছে</td>
</tr>
<tr>
<td>১৮.</td>
<td>নিকটতম ৪ (চার) টি বিদ্যালয়ের ছাত্র/ছাত্রী সংখ্যা (৬ষ্ঠ-১০ম শ্রেণি) পর্যন্ত</td>
<td>
<table>
<tr><th>বিদ্যালয়ের নাম</th><th>৬ষ্ঠ</th><th>৭ম</th><th>৮ম</th><th>৯ম</th><th>১০ম</th></tr>
<tr><td>আদাবাড়ীয়া উচ্চ বিদ্যালয়</td><td>৬০</td><td>৬৫</td><td>৫৮</td><td>৭০</td><td>৭০</td></tr>
<tr><td>আল্লাহ্ আবাদ উচ্চ বিদ্যালয়</td><td>৫০</td><td>৭০</td><td>৫৩</td><td>৬৩</td><td>৬৫</td></tr>
<tr><td>দিলপাশার ইউনিয়ন উচ্চ বিদ্যালয়</td><td>৪০</td><td>৪৫</td><td>৪২</td><td>৪২</td><td>৩৮</td></tr>
<tr><td>সরকারী ভাঙ্গুড়া ইউনিয়ন উচ্চ বিদ্যালয় ও কলেজ</td><td>১০০</td><td>১১০</td><td>১০৫</td><td>১০৩</td><td>১১৫</td></tr>
</table>
</td>
<td>শর্ত পূরণ হয়েছে</td>
</tr>
</table>

মন্তব্যঃ চেয়ারম্যান মহোদয়ের ১০/০৫/২০২৬ খ্রি. তারিখের আদেশে পাবনা জেলার ভাঙ্গুড়া উপজেলাধীন "চর ভাঙ্গুড়া নিম্ন মাধ্যমিক বিদ্যালয়"-এর মাধ্যমিক পর্যায়ে (৯ম-১০ম শ্রেণি) পাঠদানের অনুমতি প্রদানের লক্ষ্যে গত ১৩/০৮/২০২৬ খ্রি. তারিখে সরেজমিন প্রতিষ্ঠানটি পরিদর্শন করা হয়। মফস্বল এলাকায় অবস্থিত এই প্রতিষ্ঠানটি অত্র অঞ্চলের সকল শ্রেণির ছাত্র-ছাত্রীদের মাঝে শিক্ষা বিস্তারে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে আসছে। প্রধান শিক্ষক সহ অন্যান্য শিক্ষকবৃন্দের সার্বিক তত্ত্বাবধানে বিদ্যালয়টি ক্রমেই উন্নতি লাভ করছে। বিদ্যালয়টিতে ২০১০ সাল থেকে জেএসসি পরীক্ষা এবং এসএসসি পরীক্ষা ২০০৭ ইং সাল থেকে অন্য বিদ্যালয়ের মাধ্যমে পরীক্ষা চালিয়ে আসছে, যাহার ফলাফল নথিতে সংরক্ষিত আছে। মফস্বল এলাকায় অবস্থিত শিক্ষা প্রতিষ্ঠানটির শিক্ষার পরিবেশ মানসম্মত। প্রতিষ্ঠানের নিজস্ব জমি, ভৌত অবকাঠামো ও শিক্ষার্থীর সংখ্যা ও উপস্থিতি সন্তোষজনক। প্রতিষ্ঠানের সংরক্ষিত ও সাধারণ তহবিলে প্রয়োজনমত অর্থ আছে। শিক্ষার হার সম্প্রসারণের লক্ষ্যে বিদ্যালয়ের মাধ্যমিক পর্যায়ে (৯ম-১০ম শ্রেণি) পাঠদানের অনুমতির প্রয়োজনীয়তা রয়েছে বলে প্রতীয়মান হয়।

এমতাবস্থায়, ছকে প্রদত্ত তথ্যের আলোকে উল্লিখিত বিদ্যালয়টির মাধ্যমিক পর্যায়ে (৯ম-১০ম শ্রেণি) পাঠদানের অনুমতি প্রদানের লক্ষ্যে পরিদর্শন প্রতিবেদন আপনার সদয় অবগতি ও পরবর্তী নির্দেশনার জন্য প্রেরণ করা হ'ল।

(মোঃ শামীম হাসান)
আইডি নম্বর-০১৫৩৮৭
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।

এই পরিদর্শন প্রতিবেদনটি রাজশাহী শিক্ষা বোর্ডের www.rajshahieducationboard.gov.bd ওয়েব সাইটে দেয়া হয়েছে।